Ex/BNG/PG/1.3/2024

## স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

### ( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

### কোর্স : পি.জি. - ১.৩

### প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও।

**সব** প্রশ্নের মান সমান।

১. লুইপাদের ''কাআ তরুবর পঞ্চ বি ডাল'' গানটিকে চর্যার পুথিঁর একেবারে সূচনায় স্থান দেওয়ার বিশেষ কোনো কারণ আছে বলে তোমার মনে হয় কি? যুক্তিসহ তোমার বক্তব্য জানাও। ১০

**অথবা**

২. চর্যার ২ সংখ্যক এবং ৩৩ সংখ্যক দুটি গানেই আছে গল্পের আভাস, আর তার কেন্দ্রে আছেন দুই নারী। তত্ত্বগত দিক থেকে এই নারীকেন্দ্রিক কাহিনি দুটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ১০

৩. বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের তাম্বূলখণ্ডে দেখা যায় 'কৃষ্ণবিতৃষ্ণ' রাধা ও 'সতৃষ্ণ' কৃষ্ণকে। অথচ রাধাবিরহখণ্ডের রাধা 'কৃষ্ণগতপ্রাণা' ও কৃষ্ণ 'গততৃষ্ণ'। রাধা ও কৃষ্ণের সম্পর্কের এই পরিবর্তনকে তুমি কীভাবে বিচার করবে? ১০





**অথবা**

৪. বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের বড়াইকে কি শুধুমাত্র প্রাচীন কামশাস্ত্রাদির অন্তর্গত দূতী বা কুট্টিনী হিসাবে চিহ্নিত করা ঠিক হবে, নাকি এই শ্রেণিকরণের বাইরেও তার অন্য এক ধরনের পরিচয় রয়েছে? তোমার পাঠ্য অংশ অবলম্বনে বিষয়টি যুক্তিসহ আলোচনা করো। ১০

৫. ভারতচন্দ্রের 'বিদ্যাসুন্দর' কাব্যের শ্লীলতা ও অশ্লীলতা নিয়ে যে বিতর্ক আছে তার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এ বিষয়ে তোমার অবস্থান স্পষ্ট করো। ১০

**অথবা**

৬. ভারতচন্দ্রের 'বিদ্যাসুন্দর' কাব্যে অষ্টাদশ শতাব্দীর বাংলার আর্থ-সামাজিক ইতিহাসের উপাদানগুলি কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে বুঝিয়ে দাও। ১০

৭. সুফিধর্মের প্রভাব ও প্রচার আলাওলের 'পদ্মাবতী' কাব্যটিকে রূপক করে তুলেছে — কাহিনি বিশ্লেষণ সূত্রে বিষয়টি স্পষ্ট করো। ১০

**অথবা**

৮. ''আলাওলের 'পদ্মাবতী' কাব্যে ইতিহাস আছে সামান্য অংশ জুড়ে, কিন্তু 'পদ্মাবতী' শেষ পর্যন্ত তৈরী করেছে এর 'নতুন ইতিহাস।'' মন্তব্যটি আলোচনা করো। ১০

★ ★ ★